৫৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 OCT 1995 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
২৩/১০

# ফলাফল জানিতে ভোগান্তি

ইত্তেফাক রিপোর্ট ॥ এইচ, এস,সি পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রে এবার এক বিশৃংখল অবস্থার সৃষ্টি হয়। বিশেষ করিয়া গতকাল প্রকাশিত ঢাকা বোর্ডের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ফলাফল জানিতে

(১ম পৃঃ পর)

ফলাফল সংগ্রহ করিতে গিয়া সাংবাদিকদের যেমন হয়রান হইতে হয় তেমনি পরীক্ষার্থীদেরও দুর্ভোগের সীমা থাকে না। সকাল ১১টার মধ্যে কুমিল্লা বোর্ডের ফলাফল পাওয়া গেলেও ঢাকা বোর্ডের ফলাফল পাইতে দুপুর গড়াইয়া যায়। অথচ একই কম্পিউটার কেন্দ্র হইতে ফলাফল প্রস্তুত করিয়া পাঠান হয়।

ফলাফল প্রকাশের জন্য যে সময় বাছিয়া নেওয়া হয় তাহা নিয়াও প্রশ্ন উঠিয়াছে। যশোর বোর্ডের ফলাফল দেওয়া হয় গত ৯৬ ঘন্টা হরতালের পূর্ব দিন বিকালে। আর রাজশাহী বোর্ডের ফল প্রকাশ করা হয় হরতালের পরদিন ঢাকা ও কুমিল্লা বোর্ডের ফলাফল দেওয়া হয় গতকাল এমন দিন যেদিন সকল বিরোধী দলের কর্মসূচী ছিল।

সূত্র জানায়, এবার ফলাফল প্রকাশের তারিখ নির্ধারণের ক্ষেত্রে বোর্ডগুলির কোন নিয়ন্ত্রণ ছিল না। শিক্ষা মন্ত্রণালয় হইতে সচিব ফলাফল প্রকাশের তারিখ নির্ধারণ করিয়া দেন। ঢাকা বোর্ডের ফলাফল প্রকাশের জন্য শিক্ষা সচিব গত ১৯শে অক্টোবর বোর্ড কর্তৃপক্ষকে চিঠি দিয়া ২১শে অক্টোবর তারিখ নির্ধারণ করিয়া দিন। এমনকি প্রেস রিলিজও তিনি তৈয়ারী করিয়া স্বাক্ষর দিয়া পাঠান। ইতিপূর্বে বোর্ড সূত্রে ২৫শে অক্টোবর ফল প্রকাশের কথা জানান হইয়াছিল॥

প্রতিটি বোর্ডের ফলাফল প্রকাশের জন্য সময় নির্ধারণ করা হয়। বিকাল অথবা সন্ধ্যা। ফলে দূর-দূরান্ত হইতে আগত পরীক্ষার্থীদের এজন্য ভোগান্তির শিকার হইতে হয়। যশোর বোর্ডে একটি কলেজে সংঘর্ষও বাধিয়া যায়। ঢাকা শহরের বিভিন্ন কলেজেও অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়। সংবাদপত্র অফিসে ফলাফল পাঠাইয়া তাহা ব্যাপকভাবে প্রচারের দীর্ঘদিনের নিয়ম গত এক বছর ধরিয়া রহিত করায় অনেকের ফল পাইতে অসুবিধা হইতেছে।